*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

# সভাপতি, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

এবং

# সচিব

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

উপক্রমণিকা

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন-১ : বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি

সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে:-

**সভাপতি, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২**

এবং

**সচিব,**

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**

এর মধ্যে ২০১৮ সালের .....জুন..........মাসের.........২৪..............তারিখে এই বার্ষিক

কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বগুড়া পবিস-২ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## ( OverView of the Performance of Bogura PBS-2)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেন্জ এবং ভবিষ্যত পরিকল্পনা :**

* **সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমুহ :**

বগুড়া জেলার শাজাহানপুর, শেরপুর, ধুনট, গাবতলী, সারিয়াকান্দি ও সদর এই ০৬(ছয়)টি উপজেলা নিয়ে গত ১৩/০২/২০১৬ ইং তারিখে অবিভক্ত বগুড়া পবিস বিভাজিত হয়ে বগুড়া পবিস-১ ও বগুড়া পবিস-২ গঠিত হয়েছে। গত জুন/২০১৬ মাস হতে বগুড়া পবিস-২ একক ভাবে বেতগাড়ী, বনানী, বগুড়া অস্থায়ী (বাসা ভাড়া ) কার্যালয়ে কাজ শুরু করেছে। বর্তমান সরকারের রুপকল্প ২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে বগুড়া পবিস-২ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। বগুড়া পবিস-২ এর সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ নিম্নরুপ:

| অর্থবছর | গ্রাহক সংযোগ | নির্মিত লাইন | বকেয়া মাস | সিস্টেম লস |
|---|---|---|---|---|
| ২০১৫-১৬ | ৫৪,৩৬০ টি | ২৩৭ কিঃমিঃ | ১.৪০ | ১৩.৪৭% |
| ২০১৬- ১৭ | ৪০,০৮৮ টি | ৪০০ কিঃমিঃ | ১.৩১ | ১১.৯৮% |
| ২০১৭-১৮(এপ্রিল/১৮ পর্যন্ত) | ৪৭,০৩৫ টি | ৭৪০ কিঃমিঃ | ১.১৪ | ১১.৮৫% |

লক্ষ্যমাত্রা অনুযায়ী লাইন নির্মাণ ও নতুন গ্রাহক সংযোগ প্রদান অব্যাহত রয়েছে। ৫টি ৩৩কেভি সোর্স লাইন, ০৭টি উপকেন্দ্রের ৪০টি ১১ কেভি ফিডারের মাধ্যমে পবিস ভৌগোলিক এলাকার ৬টি উপজেলায় বিদ্যুৎ সরবরাহ করা হয়। বর্তমানে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ৬৫ মেঃওঃ। উপকেন্দ্রের ক্ষমতা ৯০ এমভিএ। ২০১৮ সালের মধ্যে পরিকল্পনা অনুযায়ী ০৬ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

* **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

অত্র পবিসের আওতায় দিন-দিন গ্রাহক সংযোগ বৃদ্ধি পাচ্ছে। মোট লোডের ৪৫ মেঃওঃ বিদ্যুৎ অত্র পবিসের নিজস্ব ৩৩ কেভি হতে এবং ২০ মেঃ ওঃ বগুড়া পবিস-১ এর ৩৩ কেভি সোর্স উপকেন্দ্রের ০৩ টি ফিডারের মধ্যে সরবরাহ করা হয়। এর ফলে লোড ম্যানেজমেন্টের সমস্যা হয়। সিষ্টেম লসের উপরও প্রভাব পড়ছে। ৩৩ কেভি ট্যাপিং মুক্ত করার জন্য শাজাহানপুর-২ উপকেন্দ্রের জন্য ৩.৭ কিঃ মিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মান করে উপকেন্দ্রটি বগুড়া পবিস-১ এর ৩৩ কেভি হতে আলাদা করা হবে। সোনাতলা উপকেন্দ্রটি নির্মানাধীন মহাস্থান গ্রীড সাব-স্টেশন হতে নতুন ৩৩ কেভি বে-ব্রেকারসহ ১৬ কিঃ মিঃ লাইন নির্মান করে বগুড়া পবিস-১ এর ৩৩ কেভি হতে আলাদা করা হবে৷ শাজাহানপুর-২ (প্রস্তাবিত) উপকেন্দ্র নির্মান পূর্বক, বর্তমানে বগুড়া পবিস-১ এর সদর উপকেন্দ্র হতে যে ০৩টি ১১ কেভি ফিডারে বগুড়া পবিস-২ এর ভৌগলিক এলাকায় বিদ্যুৎ সরবরাহ করা হয় এর মাধ্যমে বগুড়া পবিস-১ হতে আলাদা করা হবে। বগুড়া পবিস-১ হতে ৩৩ কেভি ফিডারও ৩৩/১১ কেভি উপকেন্দ্র আলাদা/ট্যাপিংযুক্ত করার জন্য ৩৩ কেভি লাইন সমূহ নির্মানাধীন রয়েছে।

শতভাগ বিদ্যুতায়নের জন্য মিটার, সার্ভিস ড্রপ তার, ট্রান্সফরমার সরবরাহ করতে হবে। সমিতির আলাদা স্টোর, ওয়ার্কশপ না থাকায় দাপ্তরিক কাজে সমস্যা হচ্ছে। এগুলো মোকাবেলা করে সামনের দিকে এগুতে হবে। এগুলোই এখন এই সমিতির জন্য বড় সমস্যা।

* **ভবিষ্যত পরিকল্পনাঃ**

বগুড়া পবিস-২ এর আওতাধীন ০৬টি উপজেলা আগামী জুন/২০১৮ইং সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা হবে।

গ্রাহকের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পুরনের লক্ষ্যে আগামী ০৫ বছরের মধ্যে আরো ০৬ টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মান, নির্মানাধীন ০২টি এবং প্রস্তাবিত ০১টি গ্রীড সাব-স্টেশন হতে নতুন আরো ০৮টি বে-ব্রেকারসহ ৩৩ কেভি লাইন নির্মান এবং ১৩ টি ১১ কেভি ফিডার লাইন নির্মানাধীন রয়েছে। এ সময়ের মধ্যে স্থাপিত ০৩টি উপকেন্দ্রের ক্ষমতা বর্ধন করা হবে।

পবিসের বর্তমান লোড ৬৫ মেঃ ওঃ। আগামী ০৫ বছরে এ লোড বৃদ্ধি হবে ১৩৫ মেঃ ওঃ। গ্রীড উপকেন্দ্র, পবিসের ৩৩/১১ কেভি উপকেন্দ্র ৩৩ কেভি লাইন ও ১১কেভি ফিডার লাইন নির্মানের যে পরিকল্পনা নেয়া হয়েছে তা ইতোমধ্যে বাস্তবায়িত হতে শুরু করেছে।

* **আগামী ২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য অর্জনসমূহ :**

০১। নির্মানাধীন ০২টি গ্রীড উপকেন্দ্র হতে ০৬টি নতুন ৩৩কেভি সোর্স লাইন(৫৪.৬৪কিঃওঃ) লাইন নির্মাণ সম্পন্ন হবে।
০২। ০২টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মান ।
০৩। সিস্টেম লস ১১.২৫% এর নিচে আনয়ন।
০৪। বকেয়ার মাস টার্গেট ১.১৪ অর্জন ।

C:\Users\Account\Desktop\AGM(Finance)\BPBS-2 Work Agement 18-19\24.05 18 APA-2018-2019 Bogura PBS-2.doc

আমি, সভাপতি, বগুড়া পবিস-২ ও সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, বগুড়া পবিস-২ -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৪/ ০৬/২০১৮ খ্রিঃ

............................................

মোঃ [illegible]জ্জামান
জেনারেল ম্যানেজার
বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
বগুড়া পবিস-২

............................................

সভাপতি
সভাপতি বগুড়া পবিস-২
বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

............................................

মোঃ শহিদুল করিম
পরিচালক
পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

............................................

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

C:\Users\Account\Desktop\AGM(Finance)\BPBS-2 Work Agement 18-19\24.05.18 APA-2018-2019 Bogura PBS-2.doc

## সেকশন ১ ঃ

বগুড়া পবিস-২ এর রূপকল্প (vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (vision) ঃ বগুড়া পবিস-২ এর আওতাধীন সকল জনগনকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission) ঃ জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic Objective) ঃ

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ . কার্যাবলি (Functions) ঃ

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা ।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিতকরণ।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | প্রস্তাবিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ এপ্রিল'১৮ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৬ | ১১.৯৮% | ১১.৮০% | ১১.৫০% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৫ | ১.৩১ | ১.১৪ | ১.১০ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৯.৭৩% | ৯৮.৪২% | ৯৯% | | | | | | |
| | | | 4. Payment of debt service liability | Tk | ৭ | ২৮,০০০ | ১০,০০০ | ৬০,০০০ | | | | | | |
| | | | 5. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ৪ | ০.৭৫ | ১.২১ | ১.৪০ | | | | | | |
| | | | 6. Rev. / KM of Line w/o resale (TK) | Tk | ১ | ৪২১ | ৩০২ | ৩২০ | | | | | | |
| | | | 7.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | Km | ১ | ২৬.৬৫% | ২৩.০২% | ১০০% | | | | | | |
| | | | 8. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৪.৮৮% | ২.৫৮% | ৪.০০% | | | | | | |
| | | | 9.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১০০% | ৯০% | ১০০% | | | | | | |
| | | | 10. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮০% | ৮০% | ৯০% | | | | | | |
| | ৮০ | | 11. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 12.Improvement of Power Factor | | ১ | ০.৯৩ | ০.৯২ | ০.৯২ | | | | | | |
| | | | 13. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 14. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ৭৫ | ৬০ | ৭৫ | | | | | | |
| | | | 15. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 16. No of Public Hearing | | ২ | | | ৫০ | | | | | | |
| | | | 17. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১৪০৯ | ৯৫৫ | ৮০০ | | | | | | |
| | | | 18. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১৩.২০ | ১১.৯১ | ৫০ | | | | | | |
| | | | 19.% of overloaded Transformer against total installed | % | ১ | ০.৬২% | ০.০০% | ০.২০ | | | | | | |
| | | | 20.% of New Connected Consumers | % | ২ | ৯৯.০৬% | ১০০.০০% | ১০০% | | | | | | |
| | | | 21.Accounts Payable | | ১ | ১.০ | ১.০ | ১.০ | | | | | | |
| | | | 22. Inter-pbs Transaction | | ৪ | | | ৯০% | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

বিঃদ্রঃ নতুন কোন কর্মসম্পাদন সূচক (Performance Indicator) সংযোজন করতে হলে প্রয়োজন অনুযায়ী row insert করুন।

## সেকশন-২

### মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Straegic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Straegic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদার করন | ৩ | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগষ্ট. ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারী, ২০১৯ | ১৬ জানুয়ারী, ২০১৯ | ১৭ জানুয়ারী, ২০১৯ | ২০ জানুয়ারী, ২০১৯ | ২১ জানুয়ারী, ২০১৯ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয় কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ডিসেম্বর, ২০১৮ | ৭ জানুয়ারী, ২০১৯ | ১৪ জানুয়ারী, ২০১৯ | ২১ জানুয়ারী, ২০১৯ | ২৮ জানুয়ারী, ২০১৯ |
| | | সিটিজেন চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারী, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরন | পিআরএল এদশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকরন | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিস্পতিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |

D: AGM(f)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Straegic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Straegic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Pl) | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদার করন | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রনয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদস দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ০২/০৮/১৭ | - | - |
| | ৩ | তথ্য বাতায়ন হালনাগাদকরন | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগে ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগে ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

D: AGM(f)

## সংযোজনী -১ ঃ

শব্দ সংক্ষেপ

(Acronyms)

| | |
|---|---|
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেণ্ট বোর্ড |
| APA | Annual Performance Agreement |
| PI | Performance Indicator |
| পবিস/ পিবিএস | পল্লী বিদ্যুৎ সমিতি |
| পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| KVA | কিলোভোল্ট এম্পিয়ার |
| KV | কিলোভোল্ট |
| MW | মেগাওয়াট |
| MVA | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| SAIFI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| DSL | ডেব্ট সার্ভিস লায়াবিলিটি |
| KM | কিলোমিটার |
| ERC | Equipment Record Card |
| NIS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| ই-সার্ভিস | ইলেক্ট্রনিক সার্ভিস |
| ROW | রাইট-অব-ওয়ে (পথস্বত্ব পরিষ্কার) |
| DNP | Disconnection for Nonpayment |
| TMLM | Transformer Maintenance & Load Management |
| SIP | Small Improvement Project |
| E-Filing | Electronic filing |

## সংযোজনী-২ ঃ

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ।

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে সমিতিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, কমপ্লেইন রেজিস্টার, ট্রেনিং ম্যানুয়াল ও রেজিস্টার | |
| ২। | বকেয়া মাস | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবো'র বকেয়া হ্রাসকরণ | বিআরইবি, কৃষি ও ধর্ম মন্ত্রণালয় ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৩। | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৪। | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৫। | SAIDI, SAIFI | গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৬। | Consumer Complain | গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৭। | Accounts Payable | নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবি ও পিজিসিবি'র বিল পরিশোধকরণ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৮। | Payment of DSL | যথাসময়ে বাপবিবো'র ঋণের কিস্তি পরিশোধ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |

সংযোজনী-৩ ঃ

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিপিডিবি | বিদ্যুৎ ক্রয় | সিস্টেম লস | বিদ্যুৎ সরবরাহ | বিপিডিবি হতে পবিস বিদ্যুৎ ক্রয় করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না। |
| পিজিসিবি | বিদ্যুৎ সরবরাহ | সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন | বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে,ব্রেকার সংযোজন | পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবষ্টেশনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক | বকেয়া আদায় | বকেয়া মাস | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ব্যাংক, UIC, টেলিটক | বিদ্যুৎ বিল কালেকশন | বিল কালেকশন হার | সঠিক সময়ে বিল আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে সঠিক সময়ে বিল আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| কৃষি মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ধর্ম মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |